**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৮৮/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার, ২৮ মার্চ ২০১৮, ১৪ চৈত্র ১৪২৪**

**আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :**

১। রাষ্ট্রপতি আজ সৈয়দপুর যাচ্ছেন

২। উন্নয়নের নামে জলাধার ভরাট বন্ধ করতে হবে : পানি দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী
নিজস্ব ব্যবস্থাপনায় বৃষ্টি ও বন্যার পানি সংরক্ষণের তাগিদ

৩। তত্ত্বাবধায়ক আমলে গ্রেফতারের নেপথ্যে জড়িতদের হিসাব নেওয়া হবে
স্বাধীনতা দিবসের সভায় প্রধানমন্ত্রী

৪। সরকারি হাসপাতালে শীঘ্রই ৪০ হাজার কর্মচারী নিয়োগ করা হবে : ডিএমসিএইচ-এ স্বাস্থ্যমন্ত্রী

৫। উন্নত চিকিৎসাসেবার প্রতি মনোযোগী হতে হবে
বিএসএমএমইউ'র নবনিযুক্ত উপাচার্যের সাক্ষাৎকালে স্বাস্থ্যমন্ত্রী

৬। চলচ্চিত্র শিল্পের মানোন্নয়নে সরকার প্রতিশ্রুতিবদ্ধ : তথ্যমন্ত্রী

৭। নারীর প্রতি বৈষম্য নির্মূলে মানসিকতার পরিবর্তন আনতে হবে : সেমিনারে তথ্য প্রতিমন্ত্রী

৮। এইচএসসি পরীক্ষা ২ এপ্রিল শুরু : আগামীকাল থেকে কোচিং সেন্টার বন্ধ

চলমান পাতা-২

**১। রাষ্ট্রপতি আজ সৈয়দপুর যাচ্ছেন**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ আজ (২৮ মার্চ বুধবার) নীলফামারীর সৈয়দপুর যাচ্ছেন। সামরিক ও বেসামরিক উচ্চপদস্থ কর্মকর্তাদের আমন্ত্রণে বাংলাদেশ সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সৈয়দপুরে এ সফর করবেন। সকাল ১০টায় ঢাকা হতে একটি বিশেষ বিমানে রাষ্ট্রপতি তাঁর সফরসঙ্গীদের নিয়ে সৈয়দপুর বিমানবন্দরে অবতরণ করবেন। সৈয়দপুর সেনানিবাসের ইলেক্ট্রিক্যাল-মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং কোরের (ইএমই সেন্টার স্কুল) পাঠানো এক আমন্ত্রণপত্রে এ তথ্য জানানো হয়েছে। পঞ্চম ইএমই কোর পুনর্মিলনী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানমালায় প্রধান অতিথি হিসেবে যোগ দিতে সৈয়দপুরে যাচ্ছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। সেখানে সেনাবাহিনীর ইএমই কোরের অষ্টম কমান্ড্যান্ট অভিষেক প্যারেড, বার্ষিক অধিনায়ক সম্মেলনেও যোগ দেবেন তিনি। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬)।

**২। উন্নয়নের নামে জলাধার ভরাট বন্ধ করতে হবে : পানি দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**
**নিজস্ব ব্যবস্থাপনায় বৃষ্টি ও বন্যার পানি সংরক্ষণের তাগিদ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা উন্নয়নের নামে জলাধার দখল করে ভরাট বন্ধের তাগিদ দিয়ে বলেছেন, যত বেশি নগরায়ন হচ্ছে, মানুষের জীবনযাত্রা বাড়ছে, আধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়ছে, ততবেশি সুপেয় পানির উৎস সংকুচিত হয়ে পড়ছে। সকল ধরনের উন্নয়নেই পরিবেশের ওপর কিছুটা হলেও বিরূপ প্রভাব পড়ে। এজন্য প্রকৃতি ও পরিবেশকে যথাসম্ভব সংরক্ষণ করে পরিবেশবান্ধব উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন করতে হবে। উন্নয়নের নামে পুকুর, খাল-বিল, নদী-নালা ভরাট থেকে সকলকে বিরত থাকতে হবে। গতকাল (২৭ মার্চ মঙ্গলবার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে বিশ্ব পানি দিবস-২০১৮ উপলক্ষে পানিসম্পদ মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী আরো বলেন, নিজস্ব পানিসম্পদ ব্যবস্থাপনা গড়ে তোলার ওপর গুরুত্ব দিতে হবে। প্রধানমন্ত্রী বলেন, কারো ওপর নির্ভরশীল নয়, নিজেদের ব্যবস্থা নিজেদেরই করতে হবে। নদীর নাব্যতা বাড়ানোর জন্য যেমন ড্রেজিং করতে হবে, তেমনি বর্ষার পানি ধরে রাখারও বন্দোবস্ত রাখতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.১)।

**৩। তত্ত্বাবধায়ক আমলে গ্রেফতারের নেপথ্যে জড়িতদের হিসাব নেওয়া হবে**
**স্বাধীনতা দিবসের সভায় প্রধানমন্ত্রী**

এক-এগারোর সেনা-সমর্থিত তত্ত্বাবধায়ক সরকার আমলে আওয়ামী লীগ সভাপতিকে গ্রেফতারের নেপথ্যে যারা ছিলেন, তাদের হিসাব নেওয়ার ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (২৭ মার্চ মঙ্গলবার) রাজধানীর খামারবাড়ি কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে মহান স্বাধীনতা দিবস উপলক্ষে আওয়ামী লীগ আয়োজিত আলোচনাসভায় সভাপতির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **সমকাল** (শেষ পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

**৪। সরকারি হাসপাতালে শীঘ্রই ৪০ হাজার কর্মচারী নিয়োগ করা হবে : ডিএমসিএইচ-এ স্বাস্থ্যমন্ত্রী**

সরকারি হাসপাতালে তৃতীয় ও চতুর্থ শ্রেণির জনবল সংকট নিরসনে শীঘ্রই ৪০ হাজার কর্মচারী নিয়োগ করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল (২৭ মার্চ মঙ্গলবার) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ডা. মিলন মিলনায়তনে এক অনুষ্ঠানে তিনি আরও বলেন, দরিদ্র মানুষের স্বাস্থ্যসেবার বিষয়টি বিবেচনায় নিয়ে এ জনবল নিয়োগ দেওয়া হচ্ছে। এ ছাড়া ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের পুরনো ভবন ভেঙে নতুন ভবন নির্মাণ করা হবে। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের তৃতীয় ও চতুর্থ শ্রেণির সরকারি কর্মচারী সমিতি সমন্বয় পরিষদের নতুন ও বিদায়ী কমিটির নেতাদের সংবর্ধনা দিতে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.২)।

**৫।  উন্নত চিকিৎসাসেবার প্রতি মনোযোগী হতে হবে**
**বিএসএমএমইউ'র নবনিযুক্ত উপাচার্যের সাক্ষাৎকালে স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশের স্বীকৃতি অর্জন করেছে। এদেশের স্বাস্থ্য থেকে শুরু করে প্রায় সব খাতে সাফল্য দৃশ্যমান হচ্ছে। এদেশের জনগণ এখন চায় উন্নত স্বাস্থ্যসেবা। সেজন্য উন্নত চিকিৎসাসেবার প্রতি অধিক মনোযোগী হতে হবে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে সব ধরনের উন্নত চিকিৎসাসেবা নিশ্চিত করতে হবে। গতকাল (২৭ মার্চ মঙ্গলবার) সচিবালয়ে বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া সাক্ষাৎ করতে গেলে স্বাস্থ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.৫)।

**৬।  চলচ্চিত্র শিল্পের মানোন্নয়নে সরকার প্রতিশ্রুতিবদ্ধ : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, চলচ্চিত্র শিল্পের মানোন্নয়নে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। গতকাল (২৭ মার্চ মঙ্গলবার) সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে প্রদর্শক সমিতির সভাপতি মো. ইফতেখার উদ্দীন নওশাদের নেতৃত্বে সমিতির ৭ সদস্যের প্রতিনিধিদলের সঙ্গে বৈঠককালে মন্ত্রী একথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৮), **নিউজ টুডে** (পৃ.২,ক.৮)।

**৭।  নারীর প্রতি বৈষম্য নির্মূলে মানসিকতার পরিবর্তন আনতে হবে : সেমিনারে তথ্য প্রতিমন্ত্রী**

নারীর রাজনৈতিক ক্ষমতায়নে মানি (টাকা), মাসল (পেশিশক্তি) ও ম্যান (মানুষ) এই তিনটি প্রধান বাধা বলে মন্তব্য করেছেন তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিম। তিনি বলেন, নারীদের প্রতি বৈষম্য নির্মূল করতে মানসিকতার পরিবর্তন আনতে হবে। একজন পুরুষকে কোনো কাজ দেওয়া হলে তাকে প্রথমেই যোগ্য ভাবা হয়। কিন্তু একজন নারীকে কোনো কাজ দিলে তাকে প্রথমে এর যোগ্য মনে করা হয় না। তাকে কাজের মাধ্যমে প্রমাণ করতে হয় তিনি যোগ্য। এ মানসিকতা থেকে বের হতে হবে। জেন্ডার যোগ্যতার মাপকাঠি হতে পারে না। গতকাল (২৭ মার্চ মঙ্গলবার) আগারগাঁও পিকেএসএফ ভবনের সেমিনার হলে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) আয়োজিত এক সেমিনারে তিনি এ মন্তব্য করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **অবজারভার** (পৃ.৪,ক.২), **নিউজ টুডে** (পৃ.২,ক.৬)।

**৮।  এইচএসসি পরীক্ষা ২ এপ্রিল শুরু : আগামীকাল থেকে কোচিং সেন্টার বন্ধ**

এইচএসসি ও সমমানের পরীক্ষা নির্বিঘ্ন করতে আগামীকাল (২৯ মার্চ বৃহস্পতিবার) থেকে দেশের সব কোচিং সেন্টার বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এইচএসসি ও সমমানের পরীক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম পরিচালনা করে- এমন কোনো কোচিং সেন্টার সচল রাখা যাবে না। লিখিত পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত এ সিদ্ধান্ত বহাল থাকবে। আর মোবাইল ফোনসহ ইলেক্ট্রনিক ডিভাইস নিষিদ্ধ। কেন্দ্র সচিব ছাড়া আর কেউ মোবাইল ফোন নিয়ে কেন্দ্রে আসতে পারবেন না। ট্রেজারি বা থানা থেকে নির্বাহী ম্যাজিস্ট্রেট বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকেই কেন্দ্রে প্রশ্নপত্র নিতে হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** ৩০টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে ভর্তি বাণিজ্য, অর্থ আত্মসাৎ, মালিকানার দ্বন্দ্ব এবং জঙ্গিবাদ সংশ্লিষ্টতার প্রমাণ পাওয়া যাওয়ায় এসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের আহ্বান ।

খ. **সংবাদ** : বেসরকারি অনেক হাসপাতাল প্রশাসনিক ও পুলিশি ঝামেলা এড়াতে গুরুতর আহত ব্যক্তিদের জরুরি চিকিৎসা দিতে না চাওয়ার বিষয় তুলে ধরে এসব প্রতিষ্ঠানে মুমূর্ষু ব্যক্তিকে চিকিৎসা প্রদান বাধ্যতামূলক করার সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** শ্রীহীন হয়ে পড়া সুন্দরবনকে রক্ষার স্বার্থে বন্য ও জলজপ্রাণী রক্ষায় সুন্দরবনে কার্যকর প্রকল্প গ্রহণ জরুরি বলে অভিমত।

ঘ. **প্রথম আলো** : মানিকগঞ্জের সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর মাল্টিমিডিয়া ক্লাসরুমের দৈন্যদশা তুলে ধরে সারা দেশের সব বিদ্যালয়ের চিত্র মোটামুটি একইরকম হওয়ায় এ ব্যাপারে সরকারকে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ঙ. **যুগান্তর :** সুনামগঞ্জের ফসল রক্ষা প্রকল্প বাস্তবায়নকারীদের সৎ ও নিষ্ঠাবান হওয়ার প্রত্যাশা।

চ. **সমকাল** : একটি বাড়ির কারণে রাজশাহী সিটি করপোরেশনের ১৮২ কোটি টাকার চার লেন সংযোগ সড়কের কাজ আটকে থাকার বিষয় তুলে ধরে এ উন্নয়ন প্রকল্পের কাজে বিঘ্ন সৃষ্টি করা সমর্থনযোগ্য নয় বলে অভিমত।

ছ. **ইন্ডিপেনডেন্ট** : নোয়াখালীর হাতিয়ায় অননুমোদিতভাবে ৩২টি স-মিল গড়ে তুলে বনের বিপুল ক্ষতি সাধনের চিত্র তুলে ধরে এসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে কঠোর আইনি পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

জ. **ডেইলি সান, নিউ নেশন** : রাজধানীসহ অন্যান্য বড় শহরে ধুলার কারণে সৃষ্ট বায়ু দূষণসহ অন্যান্য দূষণ প্রতিরোধে ওয়াসা, ডেসাসহ সংশ্লিষ্ট সংস্থাকে কার্যকর ব্যবস্থা গ্রহণের আহ্বান।

ঝ. **ডেইলি স্টার** : আগুনে পুড়ে ক্ষতিগ্রস্ত হওয়া মিরপুরের পল্লবীর বস্তিবাসীদের অতিদ্রুত প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদানের ব্যবস্থা করার সুপারিশ।

ঞ. **ফিনানশিয়াল এক্সপ্রেস** : ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগ থেকে রাজধানীবাসীদের সুরক্ষা করতে সিটি করপোরেশনকে জরুরিভিত্তিতে কার্যকর পদক্ষেপ নেওয়ার প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে আধুনিক বিশ্বের উপযোগী উদারমনা দক্ষ মানবসম্পদ তৈরির শিক্ষাব্যবস্থার ওপর জোর দেওয়া হয়েছে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/২০১৮/৯.০০